

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhpsd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণের (অক্টোবর-ডিসেম্বর-২০২১)
মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	: এ কে এম টিপু সুলতান অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
তারিখ	: ২৯ ডিসেম্বর ২০২১
সময়	: দুপুর ১২.৩০ টা
স্থান	: সভাপতির অফিস কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। সভায় জননিরাপত্তা বিভাগের সর্বশেষ হালনাগাদকৃত সিটিজেন চার্টার বিস্তারিত পর্যবেক্ষণ করা হয়।


পর্যবেক্ষণপূর্বক সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা বলেন যে, জননিরাপত্তা বিভাগের সিটিজেন চার্টারটি ২য় প্রজন্মের সিটিজেন চার্টার হিসেবে উন্নীতকল্পে যাবতীয় শর্ত পূরণ করা প্রয়োজন।


উপসচিব, প্রশাসন-৩ শাখা বলেন যে, কর্মকর্তাদের নাম, পদবী, টেলিফোন ও ই-মেইল ঠিকানাসহ সেবা প্রাপ্তির যাবতীয় শর্তাবলী বিস্তারিত আকারে সেবা গ্রহিতাদের বুঝতে সুবিধা হয় তেমনভাবে তথ্যাদি সন্নিবেশ করা প্রয়োজন।


আলোচনা শেষে উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

১. জননিরাপত্তা বিভাগের সিটিজেন চার্টার ৮-ম কলামে বর্ণিত তদারকি কমিটিগণের দাপ্তরিক ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা সংযুক্ত করতে হবে।
২. ১৩ নং ক্রমিকে বর্ণিত সেবাগুলির সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি কলামে কোন তথ্য না থাকায় উক্ত কলামসমূহে সঠিক তথ্য সংযুক্ত করতে হবে।
৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল বর্ণিত সিদ্ধান্তগুলি বাস্তবায়নপূর্বক ওয়েবসাইটে হালনাগাদ করবে।
৪. সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


বিকাশ বিশ্বাস
সিনিয়র সহকারী সচিব
বাজেট-১ শাখা
ও
সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি


আশাফুর রহমান
উপসচিব (প্রশাসন-৩) শাখা
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি


এ কে এম টিপু সুলতান
অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা)
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
ও
আস্থায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি